শিক্ষাবর্ষ ২০২৪

# বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা

## বিষয়: ইসলাম শিক্ষা | ৭ম শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক শিখন

যোগ্যতাভিত্তিক

সহযোগিতামূলক

শিখনকালীন মূল্যায়ন

একীভূত

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# সূচিপত্র

ভূমিকা ..... ২
ক) শিখনকালীন মূল্যায়ন..... ৩
খ) ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন..... ৩
গ) শিক্ষার্থীর অনুপস্থিতির ক্ষেত্রে করনীয় ..... ৪
ঘ) আচরণিক নির্দেশক..... ৪
ঙ) শিক্ষার্থীর ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ..... ৪
চ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা..... ৪
ছ) মূল্যায়নে এপসের ব্যবহার..... ৫
**পরিশিষ্ট ১** ..... ৬
শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার নির্দেশক বা Performance Indicator (PI)..... ৬
**পরিশিষ্ট ২**..... ৮
শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট ..... ৮
**পরিশিষ্ট ৩** ..... ১৭
শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক..... ১৭
**পরিশিষ্ট ৪** ..... ১৯
ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট ..... ১৯
**পরিশিষ্ট ৫**..... ২১
আচরণিক নির্দেশক (Behavioural Indicator, BI) ..... ২১

ভূমিকা

সুপ্রিয় শিক্ষকমণ্ডলী,

২০২২ সাল থেকে শুরু হওয়া নতুন শিক্ষাক্রমের মূল্যায়ন প্রক্রিয়ায় আপনাকে সহায়তা দেওয়ার জন্য এই নির্দেশিকা প্রণীত হয়েছে। আপনারা ইতোমধ্যেই জানেন যে নতুন শিক্ষাক্রমে গতানুগতিক পরীক্ষা থাকছে না, বরং সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়নের কথা বলা হয়েছে। ইতোমধ্যে অনলাইন ও অফলাইন প্রশিক্ষণে নতুন শিক্ষাক্রমের মূল্যায়ন নিয়ে আপনারা বিস্তারিত ধারণা পেয়েছেন। এছাড়া শিক্ষক সহায়িকাতেও মূল্যায়নের প্রাথমিক নির্দেশনা দেয়া আছে এবং ২০২৩ শিক্ষাবর্ষে আপনারা সফলভাবে শিখনকালীন মূল্যায়ন ও সামষ্টিক মূল্যায়ন সম্পন্ন করেছেন। তারপরেও, সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়ন বিধায় এই মূল্যায়নের প্রক্রিয়া নিয়ে আপনাদের মনে অনেক ধরনের প্রশ্ন থাকতে পারে। এই নির্দেশিকা সেসকল প্রশ্নের উত্তর খুঁজে পেতে ও মূল্যায়ন প্রক্রিয়ায় আপনার ভূমিকা ও কাজের পরিধি সুস্পষ্ট করতে সাহায্য করবে।

যে বিষয়গুলি মনে রাখতে হবে,

১। নতুন শিক্ষাক্রম বিষয়বস্তুভিত্তিক নয়, বরং যোগ্যতাভিত্তিক। এখানে শিক্ষার্থীর শিখনের উদ্দেশ্য হলো কিছু সুনির্দিষ্ট যোগ্যতা অর্জন। কাজেই শিক্ষার্থী বিষয়গত জ্ঞান কতটা মনে রাখতে পারছে তা এখন আর মূল্যায়নে মূল বিবেচ্য নয়, বরং যোগ্যতার সবকয়টি উপাদান—জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধের সমন্বয়ে সে কতটা পারদর্শিতা অর্জন করতে পারছে তার ভিত্তিতেই তাকে মূল্যায়ন করা হবে।

২। শিখন-শেখানো প্রক্রিয়াটি অভিজ্ঞতাভিত্তিক। অর্থাৎ শিক্ষার্থী বাস্তব অভিজ্ঞতাভিত্তিক শিখনের মধ্য দিয়ে যোগ্যতা অর্জনের পথে এগিয়ে যাবে। আর এই অভিজ্ঞতা চলাকালে শিক্ষক শিক্ষার্থীর কাজ এবং আচরন পর্যবেক্ষণ করে মূল্যায়ন চালিয়ে যাবেন। প্রতিটি অভিজ্ঞতা শেষে পারদর্শিতার নির্দেশক অনুযায়ী শিক্ষার্থীর যোগ্যতা অর্জনের মাত্রা রেকর্ড করবেন।

৩। নম্বরভিত্তিক ফলাফলের পরিবর্তে এই মূল্যায়নের ফলাফল হিসেবে শিক্ষার্থীর অর্জিত যোগ্যতার (জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ) বর্ণনামূলক চিত্র পাওয়া যাবে।

৪। শিক্ষক সহায়িকা অনুযায়ী একটি অভিজ্ঞতা চলাকালীন সময়ে শিক্ষার্থী যে সকল কাজের নির্দেশনা দেওয়া আছে শুধুমাত্র ওই কাজগুলকেই মূল্যায়নের জন্য বিবেচনা করতে হবে। বিষয়ভিত্তিক নির্দেশনা বাইরে শিক্ষার্থীদের অতিরিক্ত কাজ করানো যাবেনা।

৫। অভিজ্ঞতা পরিচালনার সময় যেখানে শিক্ষা উপকরণের প্রয়োজন হয়, শিক্ষক নিশ্চিত করবেন যেন উপকরণ গুলো বিনামূল্যের, স্বল্পমূল্যের এবং পুনঃব্যবহারযোগ্য (রিসাইকেল) উপাদান দিয়ে তৈরি। প্রয়োজনে বিদ্যালয় এইসব শিক্ষা উপকরণের ব্যায়ভার বহন করবে।

৫। মূল্যায়ন প্রক্রিয়া শিখনকালীন ও সামষ্টিক এই দুটি পর্যায়ে সম্পন্ন হবে।

২০২৪ সালে সপ্তম শ্রেণির শিখনকালীন মূল্যায়ন পরিচালনায় শিক্ষকের করণীয়

শিক্ষার্থীরা কোনো শিখন যোগ্যতা অর্জনের পথে কতটা অগ্রসর হচ্ছে তা পর্যবেক্ষণের সুবিধার্থে প্রতিটি একক যোগ্যতার জন্য এক বা একাধিক পারদর্শিতার নির্দেশক (Performance Indicator, PI) নির্ধারণ করা হয়েছে। প্রতিটি পারদর্শিতার নির্দেশকের আবার তিনটি মাত্রা নির্ধারণ করা হয়েছে। শিক্ষক মূল্যায়ন করতে গিয়ে শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে এই সূচকে তার অর্জিত মাত্রা নির্ধারণ করবেন (সপ্তম শ্রেণির এই বিষয়ের যোগ্যতাসমূহের পারদর্শিতার সূচকসমূহ এবং তাদের তিনটি মাত্রা পরিশিষ্ট-১ এ দেয়া আছে। প্রতিটি পারদর্শিতার সূচকের তিনটি মাত্রাকে মূল্যায়নের তথ্য সংগ্রহের সুবিধার্থে চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □ ○ △ ) দিয়ে চিহ্নিত করা হয়েছে)। শিখনকালীন ও সামষ্টিক উভয় ক্ষেত্রেই পারদর্শিতার সূচকে অর্জিত মাত্রার উপর ভিত্তি করে শিক্ষার্থীর যোগ্যতা অর্জনের মাত্রা নির্ধারিত হবে।

শিখনকালীন মূল্যায়নের অংশ হিসেবে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক ঐ অভিজ্ঞতার সাথে সংশ্লিষ্ট পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নিরূপণ করবেন ও রেকর্ড করবেন। এছাড়া শিক্ষাবর্ষ শুরুর ছয় মাস পর একটি এবং বছর শেষে আরেকটি ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। সামষ্টিক মূল্যায়নে শিক্ষার্থীদের পূর্বনির্ধারিত কিছু কাজ (এসাইনমেন্ট, প্রকল্প ইত্যাদি) সম্পন্ন করতে হবে। এই প্রক্রিয়া চলাকালে এবং প্রক্রিয়া শেষে একইভাবে পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নির্ধারণ করা হবে। প্রথম ছয় মাসের শিখনকালীন মূল্যায়ন এবং ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের তথ্যের উপর ভিত্তি করে শিক্ষার্থীর ষাণ্মাসিক একাডেমিক ট্রান্সক্রিপ্ট তৈরি হবে। প্রথম ষাণ্মাসিক মূল্যায়নের রেকর্ড, পরবর্তী ৬ মাসের শিখনকালীন মূল্যায়ন এবং বার্ষিক সামষ্টিক মূল্যায়নের রেকর্ডের সমন্বয়ে পরবর্তীতে বার্ষিক ট্রান্সক্রিপ্ট এবং রিপোর্ট কার্ড প্রস্তুত করা হবে।

ক) শিখনকালীন মূল্যায়ন

এই মূল্যায়ন কার্যক্রমটি শিখনকালীন অর্থাৎ শিখন অভিজ্ঞতা চলাকালে পরিচালিত হবে।

- ✓ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক সংশ্লিষ্ট শিখনযোগ্যতা মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার নির্দেশক বা PI (পরিশিষ্ট-২ দেখুন) ব্যবহার করে শিখনকালীন মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করবেন। পরিশিষ্ট-২ এ প্রতিটি শিখন অভিজ্ঞতায় কোন কোন PI এর ইনপুট দিতে হবে, এবং কোন প্রমাণকের ভিত্তিতে দিতে হবে তা দেয়া আছে। প্রতিটি শিখন অভিজ্ঞতার ক্ষেত্রে সকল শিক্ষার্থীদের তথ্য ইনপুট দেয়ার সুবিধার্থে পরিশিষ্ট-৩ এ একটি ফাঁকা ছক দেয়া আছে। এই ছকে নির্দিষ্ট শিখন অভিজ্ঞতার নাম ও প্রযোজ্য PI নম্বর লিখে ধারাবাহিকভাবে সকল শিক্ষার্থীর মূল্যায়নের তথ্য রেকর্ড করা হবে। শিক্ষক প্রত্যেক শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে সংশ্লিষ্ট PI এর জন্য প্রদত্ত তিনটি মাত্রা থেকে প্রযোজ্য মাত্রাটি নির্ধারণ করবেন, এবং সে অনুযায়ী চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □ ○ △ ) ভরাট করবেন। শুধুমাত্র শিক্ষকের রেকর্ড রাখার সুবিধার্থে এই চিহ্নগুলো ঠিক করা হয়েছে। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় এই ছকের প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি করে তার সাহায্যে শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করা হবে।
- ✓ ছকে ইনপুট দেওয়া হয়ে গেলে শিক্ষক পরবর্তীতে যে কোন সুবধাজনক সময়ে (অভিজ্ঞতা শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যে) এই শিট থেকে শিক্ষার্থীর তথ্য 'নৈপুণ্য' এপস এ ইনপুট দিবেন।
- ✓ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষক যেসকল প্রমাণকের সাহায্যে পারদর্শিতার সূচকে শিক্ষার্থীর অর্জনের মাত্রা নিরূপণ করেছেন সেগুলো শিক্ষাবর্ষের শেষ দিন পর্যন্ত সংরক্ষণ করবেন।

খ) ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন

- ✓ ২০২৪ সালের বছরের মাঝামাঝিতে বিষয়ের ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন ও বছরের শেষে বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। পূর্ব ঘোষিত এক সপ্তাহ ধরে এই মূল্যায়ন প্রক্রিয়া আনুষ্ঠানিকভাবে পরিচালিত হবে। স্বাভাবিক ক্লাসরুটিন অনুযায়ী বিষয়ের জন্য নির্ধারিত সময়ে শিক্ষার্থীরা তাদের সামষ্টিক মূল্যায়নের জন্য অর্পিত কাজ সম্পন্ন করবে।
- ✓ সামষ্টিক মূল্যায়নের ক্ষেত্রে অন্তত এক সপ্তাহ আগে শিক্ষার্থীদেরকে প্রয়োজনীয় নির্দেশনা বুঝিয়ে দিতে হবে এবং সামষ্টিক মূল্যায়ন শেষে অর্জিত পারদর্শিতার মাত্রা রেকর্ড করতে হবে।
- ✓ শিক্ষার্থীদের প্রদেয় কাজের নির্দেশনা, সামষ্টিক মূল্যায়ন ছক, এবং শিক্ষকের জন্য প্রয়োজনীয় অন্যান্য নির্দেশাবলী সকল প্রতিষ্ঠানে সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হওয়ার কয়েকদিন পূর্বে বিদ্যালয়ে প্রেরণ করা হবে।

গ) শিক্ষার্থীর অনুপস্থিতির ক্ষেত্রে করনীয়

- ✓ যদি কোন অভিজ্ঞতা চলাকালীন সময়ে কোন শিক্ষার্থী আংশিক সময় বা পুরোটা সময় বিদ্যালয়ে অনুপুস্থিত থাকে তাহলে ঐ শিক্ষার্থীকে ঐ যোগ্যতাটি অর্জন কারনোর জন্য পরবর্তীতে এনসিটিবির নির্দেশনা অনুযায়ী নিচের নিরাময়মূলক পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। এই নির্দেশনা পরবর্তীতে দেওয়া হবে।

ঘ) আচরণিক নির্দেশক

পরিশিষ্ট ৫ এ আচরণিক নির্দেশকের একটা তালিকা দেয়া আছে। শিক্ষক বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলীয় কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে এই নির্দেশকসমূহে প্রত্যেক শিক্ষার্থীর অর্জনের মাত্রা নির্ধারণ করবেন। পারদর্শিতার নির্দেশকের পাশাপাশি এই আচরণিক নির্দেশকে অর্জনের মাত্রাও প্রত্যেক শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের অংশ হিসেবে যুক্ত থাকবে। আচরণিক নির্দেশকগুলোতে শিক্ষার্থীর অর্জনের মাত্রা শিক্ষক বছরে শুধুমাত্র দুইবার ইনপুট দিবেন। ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের সময় একবার এবং বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের সময় একবার।

ঙ) শিক্ষার্থীর ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার সূচকে অর্জনের মাত্রা ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা থাকবে (পরিশিষ্ট-৪ এ ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে)। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ বিষয়ে শিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।

শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টের ক্ষেত্রেও শিক্ষার্থীর প্রাপ্ত অর্জনের মাত্রা চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □ ○ △ ) দিয়ে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নে একই পারদর্শিতার সূচকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার সূচকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিক বার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে। এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার সূচকে ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনবারই ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত ( ○ ) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভূজ ( □ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করা হবে।

চ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা

মূল্যায়ন প্রক্রিয়া চর্চা করার সময় জেন্ডার বৈষম্যমূলক ও মানব বৈচিত্রহানীকর কোন কৌশল বা নির্দেশনা ব্যবহার করা যাবেনা। যেমন— নৃতাত্ত্বিক পরিচয়, লিঙ্গবৈচিত্র্য ও জেন্ডার পরিচয়, সামর্থ্যের বৈচিত্র্য, সামাজিক অবস্থান ইত্যাদির ভিত্তিতে কাউকে আলাদা কোনো কাজ না দিয়ে সবাইকেই বিভিন্ন ভাবে তার পারদর্শিতা প্রদর্শনের সুযোগ করে দিতে হবে। এর ফলে, কোন শিক্ষার্থীর যদি লিখিত বা মৌখিক ভাব প্রকাশে চ্যালেঞ্জ থাকে তাহলে সে বিকল্প উপায়ে শিখন যোগ্যতার প্রকাশ ঘটাতে পারবে।

একইভাবে, কোন শিক্ষার্থী যদি প্রচলিত ভাবে ব্যবহৃত মৌখিক বা লিখিত ভাবপ্রকাশে স্বচ্ছন্দ না হয়, তবে সেও পছন্দমত উপায়ে নিজের ভাব প্রকাশ করতে পারবে।

অনেক ক্ষেত্রেই শিক্ষার্থীর বিশেষ কোন শিখন চাহিদা থাকার ফলে, শিক্ষক তার সামর্থ্য নিয়ে সন্দিহান থাকেন এবং মূল্যায়নের ক্ষেত্রেও এর নেতিবাচক প্রভাব পড়তে পারে। কাজেই এ ধরণের শিক্ষার্থীদেরকে তাদের দক্ষতা/আগ্রহ/সামর্থ্য অনুযায়ী দায়িত্ব প্রদানের মাধ্যমে সক্রিয় অংশগ্রহণের সুযোগ দিয়ে তাদের শিখন উন্নয়নের জন্য পরিবেশ সৃষ্টি করতে হবে।

ছ) মূল্যায়নে এপসের ব্যবহার

জাতীয় শিক্ষাক্রম অনুসারে ২০২৪ সালে ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিক্ষার্থীদের সকল বিষয়ের শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়ন প্রক্রিয়া শিক্ষকগণ "নৈপুণ্য" অ্যাপটি ব্যবহার করে সম্পন্ন করবেন। শিক্ষার্থীদের মূল্যায়ন ও মূল্যায়ন সংশ্লিষ্ট কাজে শিক্ষা প্রতিষ্ঠান, স্ব-স্ব প্রতিষ্ঠানের শিক্ষকগণের অংশগ্রহণে এবং শ্রেণিভিত্তিক শিক্ষার্থীদের তথ্য অন্তর্ভুক্তকরণের মাধ্যমে এ প্রক্রিয়াটি সম্পন্ন হবে। কারিকুলাম অনুযায়ী শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নের পারদর্শিতার নির্দেশক অর্জনে শিক্ষার্থী কোন পর্যায়ে রয়েছে সেই তথ্য বিষয় শিক্ষকরা ইনপুট দিলে শিক্ষার্থীর জন্য স্বয়ংক্রিয় রিপোর্ট প্রস্তুত করে দিবে এই 'নৈপুণ্য' অ্যাপ।

# পরিশিষ্ট ১

শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার নির্দেশক বা Performance Indicator (PI)

| **একক যোগ্যতা** | **PI ক্রম** | **পারদর্শিতা সূচক (PI) নং** | **পারদর্শিতার সূচক** | **পারদর্শিতার মাত্রা** | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| ৯১.০৭.০১<br>শরিয়তের উৎসসমূহ হতে ইসলামের মৌলিক জ্ঞান আহরন করে কুরআন ও হাদিসের (বয়স উপযোগী) নির্দেশনা অনুসরণ করতে পারা। | ১ | ৯১.০৭.০১.০১ | শরিয়তের উৎসসমূহ হতে প্রাপ্ত ইসলামের মৌলিক জ্ঞান সম্পর্কে সচেতনতা প্রদর্শন করছে। | ইসলামের মৌলিক জ্ঞানের উৎসসমূহ সম্পর্কে সচেতন। | কুরআন/হাদিসের আলোকে ইসলামের মৌলিক জ্ঞান/বিষয় সম্পর্কে সচেতন। | ইসলামের মৌলিক জ্ঞান/ বিশ্বাস সংক্রান্ত কোন প্রশ্নে কুরআন/হাদিসকেই উৎস হিসেবে ব্যবহার করেছে। |
| | ২ | ৯১.০৭.০১.০২ | ইসলামের মৌলিক বিশ্বাস সংক্রান্ত বিষয়ে কুরআন ও হাদিসের নির্দেশনা অনুসরণ করছে। | ইসলামের মৌলিক বিশ্বাস সংক্রান্ত যে কোন বিষয়ে কুরআন/ হাদিসের নির্দেশনা জানার চেষ্টা করছে। | ইসলামের মৌলিক বিশ্বাস সংক্রান্ত যে কোন বিষয়ে কুরআন/হাদিসের নির্দেশনা ব্যক্তিগতভাবে অনুসরণ করছে। | ইসলামের মৌলিক বিশ্বাস সংক্রান্ত যে কোন প্রশ্নে বিভ্রান্ত না হয়ে কুরআন/ হাদিসের নির্দেশনা অনুসরণ করছে। |
| ৯১.০৭.০২<br>ইসলামের মৌলিক উৎসহসমূহ হতে প্রাপ্ত নির্দেশনা অনুসরণ করে ধর্মীয় বিধি-বিধান চর্চা করতে পারা। | ৩ | ৯১.০৭.০২.০১ | ইসলামের মৌলিক উৎসসমূহ হতে প্রাপ্ত বিধি-বিধানের নির্দেশনা সম্পর্কে সচেতনতা প্রদর্শন করছে। | ধর্মীয় বিধি-বিধানের নির্দেশনা ইসলামের মৌলিক উৎসসমূহ হতে জানার/অনুসরন করার চেষ্টা করছে। | ধর্মীয় বিধি-বিধান অনুসরণে উৎসবিহীন/অসমর্থিত নির্দেশনা দ্বারা প্রভাবিত না হয়ে মৌলিক উৎসসমূহ থেকে জানার চেষ্টা করছে। | ইসলামের মৌলিক উৎসসমূহ হতে প্রাপ্ত ধর্মীয় বিধি-বিধানের নির্দেশনা সম্পর্কে সচেতন। |
| | ৪ | ৯১.০৭.০২.০২ | ইসলামের মৌলিক উৎসসমূহ হতে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী ইসলামি বিধি-বিধান অনুসরণ ও চর্চা করছে। | ধর্মীয় বিধি-বিধান চর্চায় মৌলিক উৎস হতে প্রাপ্ত নির্দেশনা অনুসরণের চেষ্টা করছে। | উৎসবিহীন/অসমর্থিত নির্দেশনা দ্বারা প্রভাবিত না হয়ে মৌলিক উৎসসমূহ অনুসরণ করছে। | ইসলামের মৌলিক উৎসসমূহ হতে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী ধর্মীয় বিধি-বিধান অনুসরণ/চর্চা করছে। |
| ৯১.০৭.০৩<br>ইসলামের মৌলিক শিক্ষা ও মূল্যবোধের প্রতিফলন ঘটিয়ে নৈতিক ও মানবিক গুণাবলি অর্জন করে পারিবারিক ও | ৫ | ৯১.০৭.০৩.০১ | নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শন করছে। | ধর্মীয় মূল্যবোধের আলোকে নৈতিক ও মানবিক গুণাবলি সম্পর্কে সচেতন। | নির্দেশনা অনুযায়ি প্রযোজ্য ক্ষেত্রে নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শনের চেষ্টা করছে। | দৈনন্দিন কাজে নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শণ করছে। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| সামাজিক জীবনে চর্চা করতে পারা এবং মানুষ ও প্রকৃতির কল্যাণে নিজেকে সম্পৃক্ত রাখতে পারা। | ৬ | ৯১.০৭.০৩.০২ | নৈতিক ও মানবিক গুণাবলি ব্যক্তিগত জীবনে চর্চা করছে। | ব্যক্তিগত জীবনে নির্দিষ্ট কিছু নৈতিক ও মানবিক গুণাবলি চর্চার চেষ্টা করছে। | ব্যক্তিগত জীবনে নৈতিক ও মানবিক গুণাবলী অর্জনে উদ্যোগ আছে। | নিজ পরিসরে বিভিন্ন প্রেক্ষাপটে নিয়মিত নির্দিষ্ট কিছু নৈতিক ও মানবিক গুণাবলি চর্চা করছে। |
| | ৭ | ৯১.০৭.০৩.০৩ | নৈতিক ও মানবিক গুণাবলি সামাজিক জীবনে চর্চা করছে। | সামাজিক জীবনে নির্দিষ্ট কিছু নৈতিক ও মানবিক গুণাবলি চর্চার চেষ্টা করছে। | সামাজিক জীবনে নৈতিক ও মানবিক গুণাবলি অর্জনে উদ্যোগ আছে। | সামাজিক জীবনে নিয়মিত নির্দিষ্ট কিছু নৈতিক ও মানবিক গুণাবলি চর্চা করছে। |
| | ৮ | ৯১.০৭.০৩.০৪ | মানুষের কল্যাণে নিজেকে সম্পৃক্ত রাখছে। | মানুষের কল্যাণে সামর্থ্য অনুযায়ি যে কোন কাজে অংশগ্রহণে আগ্রহ প্রকাশ করছে। | নিজ পরিসরে দৈনন্দিন জীবনে মানুষের কল্যাণে সামর্থ্য অনুযায়ি কাজ/সহায়তা করছে। | মানুষের কল্যাণে সেবামুলক কাজে সামর্থ্য অনুযায়ি স্বেচ্ছাসেবীর দায়িত্ব পালন করছে। |
| | ৯ | ৯১.০৭.০৩.০৫ | প্রকৃতির কল্যাণে নিজেকে সম্পৃক্ত রাখছে। | প্রকৃতির কল্যাণে সামর্থ্য অনুযায়ি যে কোন কাজে অংশগ্রহণে আগ্রহ প্রকাশ করছে। | নিজ পরিসরে দৈনন্দিন জীবনে প্রকৃতির কল্যাণে সামর্থ্য অনুযায়ি কাজ/সহায়তা করছে। | প্রকৃতির কল্যাণে সেবামুলক কাজে সামর্থ্য অনুযায়ি উদ্যোগ/স্বেচ্ছাসেবীর দায়িত্ব পালন করছে। |

# পরিশিষ্ট ২

## শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট

৭ম শ্রেণির নির্দিষ্ট শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট পরবর্তী পৃষ্ঠা থেকে ধারাবাহিকভাবে দেয়া হল। শিক্ষক কোন অভিজ্ঞতা শেষে কোন পারদর্শিতার সূচকে ইনপুট দেবেন তা প্রতিটি শিখন অভিজ্ঞতার সাথে দেয়া আছে। একটা বিষয়ে বিশেষভাবে মনে রাখা জরুরি যে, শিক্ষার্থী ধর্মের বিষয়ভিত্তিক জ্ঞান কতটা মুখস্থ করতে পারছে, শিক্ষক কখনই তার ভিত্তিতে শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রা নির্ধারণে করবেন না। বরং যেসব পারদর্শিতার সূচকের ক্ষেত্রে বিষয়ভিত্তিক জ্ঞান প্রাসঙ্গিক, সেখানে পাঠ্যবই বা অন্য যেকোনো নির্ভরযোগ্য রিসোর্স থেকে তথ্য নিয়ে কীভাবে সেই তথ্য ব্যবহার করছে তার ওপর শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা নির্ভর করবে। তবে ইসলাম শিক্ষার ক্ষেত্রে ইবাদাতের জন্য প্রয়োজনীয় সূরা/আয়াত, দোয়া মুখস্থ করাতে হবে।

নির্দিষ্ট শিখন অভিজ্ঞতার ক্ষেত্রে শিক্ষার্থীর যে পারদর্শিতা দেখে শিক্ষক তার অর্জিত মাত্রা নিরূপণ করবেন তা সংশ্লিষ্ট পারদর্শিতার মাত্রার নিচে দেয়া আছে; এবং যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করে এই ইনপুট দেবেন তাও ছকের ডান পাশে উল্লেখ করা আছে। পরিশিষ্ট-৩ এ শিক্ষার্থীর মূল্যায়নের তথ্য সংগ্রহের একটা ফাঁকা ছক দেয়া আছে। ঐ ছকের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি তৈরি করে শিক্ষক প্রতিটি শিখন অভিজ্ঞতার তথ্য সংগ্রহ ও সংরক্ষণে ব্যবহার করতে পারবেন।

| **শ্রেণি : ৭ম** | **বিষয় : ইসলাম শিক্ষা** | | |
|---|---|---|---|
| **পারদর্শিতার নির্দেশক (পিআই)** | **পারদর্শিতার মাত্রা (এ্যাপসে চিহ্নের নির্দেশনা দেয়া থাকবে)** | | |
| | | | |
| ৯১.০৭.০১.০১ শরিয়তের উৎসসমূহ হতে প্রাপ্ত ইসলামের মৌলিক জ্ঞান সম্পর্কে সচেতনতা প্রদর্শন করছে। | ইসলামের মৌলিক জ্ঞানের উৎসসমূহ সম্পর্কে সচেতন। | কুরআন/হাদিসের আলোকে ইসলামের মৌলিক জ্ঞান/বিষয় সম্পর্কে সচেতন। | ইসলামের মৌলিক জ্ঞান/ বিশ্বাস সংক্রান্ত কোন প্রশ্নে কুরআন/হাদিসকেই উৎস হিসেবে ব্যবহার করেছে। |

| | | | |
|---|---|---|---|
| | যে পারদর্শিতা/ কাজ দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে | | |
| | **পাঠাগার ভ্রমন** এবং আকাইদ সংশ্লিষ্ট ইসলামি পুস্তক অনুসন্ধান (অভিজ্ঞতা ০১, সেশন ০১, পৃষ্ঠা ৭ শিক্ষক সহায়িকা)<br><br>**একক কাজ:** আল-কুরআনের ভাষ্যের আলোকে আল্লাহর পরিচয় নিজের ভাষায় (লিখিত/মৌখিক) উপস্থাপন (অভিজ্ঞতা ০১, সেশন ০৪, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ২)<br><br>**কুইজ:** মালাইকা বা ফেরেশতাগণের প্রতি ইমান-পাঠ এর উপর (শিক্ষক কর্তৃক প্রনীত) কুইজ অধিবেশনে অংশগ্রহণ (অভিজ্ঞতা ০১, সেশন ০৬, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৯)<br>**দলগত আলোচনাঃ** কিতাবসমূহের পরিচিতি (অভিজ্ঞতা ০১, সেশন সেশন ০৭, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ১২) | **একক কাজ:** আল্লাহ তা'লার প্রতি ইমান-এর মর্মার্থ নিজের ভাষায় প্রকাশ (অভিজ্ঞতা ০১, সেশন ০৪ পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৩)<br>**দলগত আলোচনা:** মালাইকা বা ফেরেশতাগণের প্রতি ইমান এর তাৎপর্য বিশ্লেষণ (অভিজ্ঞতা ০১, সেশন ০৬, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ১০)<br><br>**দলগত আলোচনাঃ** আল্লাহর কিতাবসমূহের প্রতি ইমান আনার মর্মার্থ (লিখিত/মৌখিক) উপস্থাপন (অভিজ্ঞতা ০১, সেশন ০৭, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ১১) | **একক কাজ:** কুরআন/হাদিস অনুসারে আকাইদ সম্পর্কে প্রতিবেদন প্রস্তুতি (অভিজ্ঞতা ০১, সেশন ০৮ ও ০৯, পৃষ্ঠা ১০—শিক্ষক সহায়িকা) |
| ৯১.০৭.০১.০২ ইসলামের মৌলিক বিশ্বাস সংক্রান্ত বিষয়ে কুরআন ও হাদিসের নির্দেশনা অনুসরণ করছে। | ইসলামের মৌলিক বিশ্বাস সংক্রান্ত যে কোন বিষয়ে কুরআন/ হাদিসের নির্দেশনা জানার চেষ্টা করছে। | ইসলামের মৌলিক বিশ্বাস সংক্রান্ত যে কোন বিষয়ে কুরআন/হাদিসের নির্দেশনা ব্যক্তিগতভাবে অনুসরণ করছে। | ইসলামের মৌলিক বিশ্বাস সংক্রান্ত যে কোন প্রশ্নে বিভ্রান্ত না হয়ে কুরআন/ হাদিসের নির্দেশনা অনুসরণ করছে। |
| | যে পারদর্শিতা/কাজ দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে | | |
| | **একক কাজ:** আল্লাহ তা'লার প্রতি ইমান আনার বহিঃ প্রকাশ হিসেবে শিক্ষার্থীর ব্যক্তিগত আমল/কাজ সম্পর্কে প্রতিবেদন উপস্থাপন। | **শিক্ষকের পর্যবেক্ষণ** | **শিক্ষকের পর্যবেক্ষণ ও অভিভাবকের প্রতিবেদন**<br>ব্যক্তিগত, শিখন পরিবেশে এবং বিভিন্ন পরিস্থিতিতে শিক্ষার্থীর |

| | | | |
|---|---|---|---|
| | (অভিজ্ঞতা ০১, সেশন ০৪, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ১২)<br><br>**একক কাজ:** আল-আসমাউল হুসনা'র শিক্ষা ব্যক্তিগত জীবনে অনুসরণ সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন (অভিজ্ঞতা ০১, সেশন ০৫, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৫) | শিখন পরিবেশে শিক্ষার্থীর বিভিন্ন কার্যক্রমে আল্লাহ তা'লার প্রতি ইমান এর বহিঃ প্রকাশক কার্যক্রম<br>অভিজ্ঞতা ০১, সেশন ০৪,<br>পাঠ্যপুস্তক পৃষ্ঠা ১২)<br><br>**একক কাজ:** আল-আসমাউল হুসনা'র শিক্ষা ব্যক্তিগত এবং শিখন পরিবেশে অনুসরণ সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন (অভিজ্ঞতা ০১, সেশন ০৫, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৫) | আল্লাহ তা'লার প্রতি ইমান এর বহিঃ প্রকাশক কার্যক্রম<br>(অভিজ্ঞতা ০১, সেশন ০৪,<br><br>পাঠ্যপুস্তক পৃষ্ঠা ১২)<br>**একক কাজ:**<br>আল-আসমাউল হুসনা'র শিক্ষা ব্যক্তিগত, শিখন পরিবেশে এবং বিভিন্ন পরিবেশে অনুসরণ সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন (অভিজ্ঞতা ০১, সেশন ০৫, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৫)<br><br>**একক কাজ:** (প্রতিবেদন প্রস্তুতি)<br>কুরআন-হাদিস অনুসারে আকাইদ সম্পর্কে প্রতিবেদন প্রস্তুতি<br>(অভিজ্ঞতা ০১, সেশন ০৮, শিক্ষক সহায়িকা পৃষ্ঠা - ১০)<br>[যোগ্যতা ১ অভিজ্ঞতা ১ এর শেষ কাজ] |
| | **দ্রষ্টব্য:** আল-আসমাউল সংক্রান্ত আলাদা আলাদা করে ৩টি প্রতিবেদন হবে না বরং ১টি প্রতিবেদনেই ব্যক্তিগত জীবনে, শিখন পরিবেশে এবং বিভিন্ন পরিবেশে অনুসরনের উল্লেখ থাকবে। | | |

| | | | |
|---|---|---|---|
| ৯১.০৭.০২.০১ ইসলামের মৌলিক উৎসসমূহ হতে প্রাপ্ত বিধি-বিধানের নির্দেশনা সম্পর্কে সচেতনতা প্রদর্শন করছে। | ধর্মীয় বিধি-বিধানের নির্দেশনা ইসলামের মৌলিক উৎসসমূহ হতে জানার/অনুসরন করার চেষ্টা করছে। | ধর্মীয় বিধি-বিধান অনুসরণে উৎসবিহীন/অসমর্থিত নির্দেশনা দ্বারা প্রভাবিত না হয়ে মৌলিক উৎসসমূহ থেকে জানার চেষ্টা করছে। | ইসলামের মৌলিক উৎসসমূহ হতে প্রাপ্ত ধর্মীয় বিধি-বিধানের নির্দেশনা সম্পর্কে সচেতন। |
| | **যে পারদর্শিতা/ কাজ দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | |

| | | | |
|---|---|---|---|
| | **একক কাজ:** সালাতের তাৎপর্য বর্ণনা (যোগ্যতা ২, অভিজ্ঞতা-১ সেশন ০৩, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ১৫)<br><br>**দলগত কাজ:** শিক্ষার্থীরা ঈদুল ফিতরের দিনে করণীয় সম্পর্কে পরস্পরের মধ্যে আলোচনা করবে (যোগ্যতা ২, অভিজ্ঞতা-২, সেশন ০৪ পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৪৪) | **দলগত আলোচনা:** আমরা কেন ইসলামের বিধি-বিধান চর্চা করবো? (যোগ্যতা ২, অভিজ্ঞতা-১, সেশন ০২, পৃষ্ঠা ১৩—শিক্ষক সহায়িকা)<br><br>**শ্রেণিতে বক্তৃতা:** জামাআতে সালাত আদায়ের মাহাত্ম্য ও গুরুত্ব **(**যোগ্যতা ২, অভিজ্ঞতা-১, সেশন ০৩/০৪, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ২০)<br><br>**দলগত কাজ:** শিক্ষার্থীরা দলে বিভক্ত হয়ে **'**সাদাকাতুল ফিতর**'** আদায়ের গুরুত্ব আলোচনা করবে (যোগ্যতা ২, অভিজ্ঞতা-২ পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৪৭) | **দলগত আলোচনা** সালাতের বিভিন্ন ধরণের উপকারিতা বিশ্লেষণ (যোগ্যতা ২, অভিজ্ঞতা-১, সেশন সেশন ০৩, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ১৫)<br><br>**একক কাজ** (ডেমোন্ট্রেশন)<br>সালাত আদায় এবং কুরআন হাদিস অনুসরণ ও চর্চার ডেমোন্ট্রেশন (পৃষ্ঠা ১৪ শিক্ষক সহায়িকা) [যোগ্যতা ২, অভিজ্ঞতা ১ এর শেষ কাজ]<br><br>**দলগত কাজ:** মানবিক গুণাবলি বিকাশে সাওমের ভূমিকা বিশ্লেষণ (যোগ্যতা ২, অভিজ্ঞতা-২, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৪৬)<br><br>শিক্ষক সহায়িকার ১৮ পৃষ্ঠায় উল্লেখিত নমুনা প্রশ্নগুলো বা সেগুলোর মত শিক্ষকের নিজের বানানো প্রশ্ন নিয়ে একক / দলগত কাজ, প্রেজেন্টেশন/পোস্টার তৈরি<br>(যোগ্যতা ২, অভিজ্ঞতা-২)<br><br>**জোড়ায় কাজ:** যাকাতের তাৎপর্য বিশ্লেষণ (যোগ্যতা ২, অভিজ্ঞতা-২, সেশন ০৫, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৪৯)<br><br>**গল্পে গল্পে শেখা** (শিক্ষার্থীদের আত্মপলব্ধি) (পৃষ্ঠা ১৬ শিক্ষক সহায়িকা) |

| | | | |
|---|---|---|---|
| ৯১.০৭.০২.০২ ইসলামের মৌলিক উৎসসমূহ হতে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী ইসলামি বিধি-বিধান অনুসরণ ও চর্চা করছে। | ধর্মীয় বিধি-বিধান চর্চায় মৌলিক উৎস হতে প্রাপ্ত নির্দেশনা অনুসরণের চেষ্টা করছে। | উৎসবিহীন/অসমর্থিত নির্দেশনা দ্বারা প্রভাবিত না হয়ে মৌলিক উৎসসমূহ অনুসরণ করছে। | ইসলামের মৌলিক উৎসসমূহ হতে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী ধর্মীয় বিধি-বিধান অনুসরণ/চর্চা করছে। |
| | **যে পারদর্শিতা/কাজ দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | |
| | **একক কাজ:** সালাতে ইমামের দায়িত্ব ও কর্তব্য জেনে ইমামতির ডেমোন্ট্রেশন (যোগ্যতা ২, অভিজ্ঞতা-২, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ২১)<br><br>**একক কাজ:** বিতর সালাত আদায়ের পদ্ধতি ডেমোন্ট্রেশন (যোগ্যতা ২, অভিজ্ঞতা-২ পাঠ্যপুস্তক পৃষ্ঠা ২৫)<br><br>**দলগত কাজ:** শিক্ষার্থীরা সূরা লাহাবের শিক্ষাগুলো লিখে প্রতি দল একটি করে পোস্টার তৈরি করবে (যোগ্যতা ২, অভিজ্ঞতা-২, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৬৪)<br><br>**একক কাজ:** শিক্ষার্থী সূরা কাফিরুন শুদ্ধভাবে তিলাওয়াত করবে এবং এর শিক্ষা দলগতভাবে আলোচনা করবে (যোগ্যতা ২, অভিজ্ঞতা-২, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৬৯)<br><br>**একক কাজ:** শিক্ষার্থী সূরা আল আসর শুদ্ধভাবে তিলাওয়াত করবে এবং এর শিক্ষা দলগতভাবে আলোচনা করবে (যোগ্যতা ২, অভিজ্ঞতা-২ পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৭১) | **একক কাজ:** আযান অনুশীলন করে আযান দেয়ার সক্ষমতা<br>(যোগ্যতা ২, অভিজ্ঞতা-২, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ২৩)<br><br>**একক কাজ:** ঈদের সালাত আদায়ের পদ্ধতি বর্ণনাপূর্বক ঈদের সালাত আদায়ের অভিজ্ঞতা মৌখিক/লিখে উপস্থাপন (মেয়ে শিক্ষার্থীরা ঈদের সালাত আদায়ের পদ্ধতি ও এর সামাজিক প্রভাব উপস্থাপন করবে (যোগ্যতা ২, অভিজ্ঞতা-২ পাঠ্যপুস্তক পৃষ্ঠা ২৮)<br><br>**একক কাজ:** পারিবারিক জীবনে সূরা আল আসর এর শিক্ষা চিহ্নিত করে তা বাস্তবায়নে শিক্ষার্থীর পদক্ষেপ সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন (যোগ্যতা ২, অভিজ্ঞতা-২ পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৭১)<br><br>**প্রতিফলন ডায়েরি লিখন:** সূরা আন নাসর থেকে পারিবারিক জীবনে চর্চা/অনুসরণযোগ্য শিক্ষা চিহ্নিত করে তা চর্চা সংক্রান্ত প্রতিফলন ডায়েরি (যোগ্যতা ২, অভিজ্ঞতা-২, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৬৬) | **প্রতিফলন ডায়েরি লিখন:**<br>শিক্ষার্থীর জীবনের বিভিন্ন ক্ষেত্রে সালাত আদায়ের প্রভাব (২ অভিজ্ঞতা ১, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৩৮)<br><br>**মানবতার দেয়াল তৈরি** ( পৃষ্ঠা ১৯ – শিক্ষক সহায়িকা) [যোগ্যতা ২ অভিজ্ঞতা ২ এর শেষ কাজ]<br><br>**একক কাজ:** সূরা কাফিরুন এর শিক্ষা শিক্ষার্থী কীভাবে তার সামাজিক জীবনে বাস্তবায়ন করছে-এতদসংক্রান্ত (লিখিত/মৌখিক) প্রতিবেদন (যোগ্যতা ২, অভিজ্ঞতা-২, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৬৯)<br><br>**একক কাজ:** সূরা আল আসর এর শিক্ষা সমাজে বাস্তবায়নে শিক্ষার্থীর পদক্ষেপ সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন (যোগ্যতা ২, অভিজ্ঞতা-২ পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৭১) |
| | **দ্রষ্টব্য:** (১) শিক্ষার্থী পারিবারিক এবং সামাজিক জীবনে সূরা আল আসর এর শিক্ষা বাস্তবায়ন সম্পর্কে ১টি প্রতিবেদনে উপস্থাপন করবে। | | |

| | | | |
|---|---|---|---|
| ৯১.০৭.০৩.০১ নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শন করছে। | ধর্মীয় মূল্যবোধের আলোকে নৈতিক ও মানবিক গুণাবলি সম্পর্কে সচেতন। | নির্দেশনা অনুযায়ি প্রযোজ্য ক্ষেত্রে নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শনের চেষ্টা করছে। | দৈনন্দিন কাজে নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শণ করছে। |
| | **যে পারদর্শিতা/ কাজ দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | |
| | **একক কাজ:** আখলাকে হামিদাহ এর গুরুত্ব (লিখে/মৌখিক) উপস্থাপন (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-১, পাঠ্যপুস্তক পৃষ্ঠা-৮৫)<br><br>**দলগত কাজ:** শিক্ষার্থীরা জীবন গঠনে হযরত ইসমাঈল (আ.) এর চরিত্রের উত্তম গুণাবলি অনুসরণের প্রয়োজনীয়তা চিহ্নিত করে পোস্টার তৈরি করবে। (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-২, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ১১৯) | **একক কাজ:** আখলাকে হামিদাহ অর্জনের উপায় (লিখে/মৌখিক) উপস্থাপন (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-১, পাঠ্যপুস্তক পৃষ্ঠা-৮৭)<br><br>**দলগত কাজ :** মহানবি (সা.) এর ধৈর্য, সহিষ্ণুতা, ত্যাগ-তিতিক্ষা, আমানতদারিতার গুণ নিজেদের জীবনে অনুশীলনের প্রয়োজনীয়তা বিশ্লেষণ করবে (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-২, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ১১৬) | **একক কাজ:** বিশ্বনবির জীবনের বিনয় ও নম্রতার দৃষ্টান্ত নিজ জীবনে প্রয়োগের কৌশল নির্ধারণ (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-২, পাঠ্যপুস্তক পৃষ্ঠা-৮৯)<br><br>**দলগত কাজ:** শিক্ষার্থীরা খাজা মুঈন উদ্দিন চিশতীর চরিত্রের বিভিন্ন দিক বিশ্লেষণ করে তাদের জীবনে প্রয়োগযোগ্য নৈতিক ও মানবিক গুণাবলি চিহ্নিত করবে (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-২, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ১২৬) |
| ৯১.০৭.০৩.০২ নৈতিক ও মানবিক গুণাবলি ব্যক্তিগত জীবনে চর্চা করছে। | ব্যক্তিগত জীবনে নির্দিষ্ট কিছু নৈতিক ও মানবিক গুণাবলি চর্চার চেষ্টা করছে। | ব্যক্তিগত জীবনে নৈতিক ও মানবিক গুণাবলী অর্জনে উদ্যোগ আছে। | নিজ পরিসরে বিভিন্ন প্রেক্ষাপটে নিয়মিত নির্দিষ্ট কিছু নৈতিক ও মানবিক গুণাবলি চর্চা করছে। |
| | **যে পারদর্শিতা/ কাজ দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | |

| | | | |
|---|---|---|---|
| | **অভিভাবকের প্রতিবেদন**<br>শিক্ষার্থীর পারিবারিক জীবনে ধৈর্য ও সহিষ্ণুতা চর্চা সংক্রান্ত অভিভাবকের প্রতিবেদন (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-১ পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৯২)<br><br>**অভিভাবকের প্রতিবেদন**<br>শিক্ষার্থী কর্তৃক নিজের কাজ নিজে করা সংক্রান্ত অভিভাবকের প্রতিবেদন (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-১, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৯৮) | **অভিভাবকের প্রতিবেদন**<br>হযরত আয়েশা (রা.) এর জীবনী থেকে প্রাপ্ত বিভিন্ন নৈতিক ও মানবিক গুণাবলির শিক্ষা বাস্তবায়ন (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-২, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ১২২)<br><br>**প্রতিফলন ডায়েরি:** হযরত আয়েশা (রা.) এর জীবনী থেকে প্রাপ্ত বিভিন্ন নৈতিক ও মানবিক গুণাবলির শিক্ষা বাস্তবায়ন (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-২, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ১২২) | **প্রতিফলন ডায়েরি:** দায়িত্ববোধ সম্পর্কে পাঠবহির্ভূত হযরত উমর (রা.) এর জীবনের ঘটনা লেখা এবং সে ঘটনার আলোকে পরিবারের প্রতি নিজ কর্তব্য পালন (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-২, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ১২২)<br><br>**আখলাকে হামিদাহ চর্চা**<br>নৈতিকতা/মানবিকতা/মূল্যবোধ/ আখলাকে হামিদাহ চর্চা (শিক্ষক সহায়িকা-পৃষ্ঠা-২৭)<br>[যোগ্যতা-৩, অভিজ্ঞতা -১ এর শেষ কাজ] |
| ৯১.০৭.০৩.০৩ নৈতিক ও মানবিক গুণাবলি সামাজিক জীবনে চর্চা করছে। | সামাজিক জীবনে নির্দিষ্ট কিছু নৈতিক ও মানবিক গুণাবলি চর্চার চেষ্টা করছে। | সামাজিক জীবনে নৈতিক ও মানবিক গুণাবলি অর্জনে উদ্যোগ আছে। | সামাজিক জীবনে নিয়মিত নির্দিষ্ট কিছু নৈতিক ও মানবিক গুণাবলি চর্চা করছে। |
| | **যে পারদর্শিতা/ কাজ দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | |
| | শিষ্টাচার চর্চা সংক্রান্ত শিক্ষার্থীর মা-বাবা/অভিভাবক এবং শিক্ষকের (সমন্বিত) প্রতিবেদন<br>(যোগ্যতা ৩, অভিজ্ঞতা-১, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৯৭) | শিক্ষার্থী কর্তৃক ওয়াদা পালন আমানত রক্ষা এবং পরোপকার সংক্রান্ত আত্মমূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-১, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৯৩, ৯৫, ১০) | একক কাজ: শিক্ষার্থী কর্তৃক সৃষ্টির সেবার দৃষ্টান্ত প্রতিবেদন আকারে উপস্থাপন (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-১, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ১০২)<br><br>**প্রতিফলন ডায়েরি লিখন:** দায়িত্ববোধ সম্পর্কে পাঠবহির্ভূত হযরত উমর (রা.) এর জীবনের ঘটনা লেখা এবং সে ঘটনার আলোকে সমাজের প্রতি নিজ কর্তব্য |

| | | | |
|---|---|---|---|
| | | | নির্ধারণ ও (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-২, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ১২২) তা বাস্তবায়ন |
| ৯১.০৭.০৩.০৪ মানুষের কল্যাণে নিজেকে সম্পৃক্ত রাখছে। | মানুষের কল্যাণে সামর্থ্য অনুযায়ি যে কোন কাজে অংশগ্রহণে আগ্রহ প্রকাশ করছে। | নিজ পরিসরে দৈনন্দিন জীবনে মানুষের কল্যাণে সামর্থ্য অনুযায়ি কাজ/সহায়তা করছে। | মানুষের কল্যাণে সেবামুলক কাজে সামর্থ্য অনুযায়ি স্বেচ্ছাসেবীর দায়িত্ব পালন করছে। |
| | **যে পারদর্শিতা/ কাজ দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | |
| | **একক কাজ:** সহপাঠীদের সাথে শিষ্টাচারপূর্ণ আচরণ, তাদের ভুল-ভ্রান্তি ক্ষমা করা এবং বিভিন্ন সময়ে তাদেরকে উপকার করা সংক্রান্ত কাজের প্রমাণ উপস্থাপন (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-১, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৯৬, ৯০, ১০০) (প্রমাণ রাখার জন্য শিক্ষক কাজের নাম, সময়কাল, কাজের ধরণ ইত্যাদি অন্তর্ভুক্ত করে শিক্ষাবর্ষের শুরুর দিকেই একটি ছক প্রনয়ন করে দিতে পারেন।) | শিক্ষকের পর্যবেক্ষণ: সহপাঠীর বাইরে বিদ্যালয়ের অন্যান্য শিক্ষার্থী, শিক্ষক, অফিসের কর্মকর্তা, কর্মচারীদের সাথে শিক্ষার্থীর শিষ্টাচারপূর্ণ আচরণ (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-১, | শিক্ষার্থীরা পাঠ্যপুস্তকে উল্লেখিত আখলাকে হামিদাহর অনুসরণ করে যেকোনো পরিবেশে মানুষের কল্যাণে নিজেকে সম্পৃক্ত রাখছে। (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-১, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ৮৪-১০৪) |
| ৯১.০৭.০৩.০৫ প্রকৃতির কল্যাণে নিজেকে সম্পৃক্ত রাখছে। | প্রকৃতির কল্যাণে সামর্থ্য অনুযায়ি যে কোন কাজে অংশগ্রহণে আগ্রহ প্রকাশ করছে। | নিজ পরিসরে দৈনন্দিন জীবনে প্রকৃতির কল্যাণে সামর্থ্য অনুযায়ি কাজ/সহায়তা করছে। | প্রকৃতির কল্যাণে সেবামুলক কাজে সামর্থ্য অনুযায়ি উদ্যোগ/স্বেচ্ছাসেবীর দায়িত্ব পালন করছে। |
| | **যে পারদর্শিতা/ কাজ দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | |
| | **দলগত কাজ** শিক্ষার্থী কর্তৃক বিদ্যালয় পরিমন্ডলে সৃষ্টির সেবা কার্যক্রম বাস্তবায়ন (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-১, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ১০২) | **একক কাজ** শিক্ষকের নির্দেশনায় শিক্ষার্থী কর্তৃক তার বাসস্থানের পারিপার্শিক পরিমন্ডলে প্রকৃতি | **একক কাজ** শিক্ষার্থী কর্তৃক সমাজে সৃষ্টির সেবা কার্যক্রম বাস্তবায়নের প্রতিবেদন |

| | | | |
|---|---|---|---|
| | | সংরক্ষণ/সেবা কার্যক্রমের প্রকল্প গ্রহণ করে তা বাস্তবায়নের প্রতিবেদন উপস্থাপন (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-১, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ১০২) | উপস্থাপন (যোগ্যতা ৩, অভিজ্ঞতা-১, পাঠ্যপুস্তক পৃষ্ঠা ১০২)<br><br>**নৈতিকতা ও মূল্যবোধ চর্চা**<br>(শিক্ষক সহায়িকা-পৃষ্ঠা-৩২)<br><br>**মানব কল্যাণমূলক কাজ:**<br>শিক্ষার্থীরা মানব/ প্রকৃতির কল্যাণমূলক কাজে নিজেদের নিয়োজিত করবে (পৃষ্ঠা ৩৯-শিক্ষক সহায়িকা) |

# পরিশিষ্ট ৩

## শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

নির্দিষ্ট শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক পরবর্তী পৃষ্ঠায় দেয়া হলো। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় শিক্ষকগণ প্রতি শিখন অভিজ্ঞতা শেষে এই ছকের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি তৈরি করে নেবেন।

**উদাহরণ:**

যোগ্যতা ১ অভিজ্ঞতা ১ এ শিক্ষার্থীর পারদর্শিতা মূল্যায়নের সুবিধার্থে দুইটি পারদর্শিতার নির্দেশক নির্বাচন করা হয়েছে, সেগুলো হলো ৭.১.১ এবং ৭.১.২ (পরিশিষ্ট-২ দেখুন)। শিক্ষক উক্ত শিখন অভিজ্ঞতার টপশিটের সাথে পরের পৃষ্ঠায় দেয়া ছকটি পূরণ করে ব্যবহার করবেন। নিচে নমুনা হিসেবে কয়েকজন শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা কীভাবে রেকর্ড করবেন তা দেখানো হয়েছে।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম : | | | | | তারিখ: |
| অভিজ্ঞতা নং : | শ্রেণি : | **৭ম** | বিষয় : | ইসলাম শিক্ষা | শিক্ষকের নাম ও স্বাক্ষর |
| শিখন অভিজ্ঞতার শিরোনাম : | যোগ্যতা ১ অভিজ্ঞতা ১ | | | | |
| প্রযোজ্য PI নং | | | | | |

| রোল নং | নাম | ৭.১.১ | ৭.১.২ | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | | ■◦△ | ■○▲ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| ০২ | | ■◦△ | ■◦△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| ০৩ | | ■○▲ | ■◦△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| ০৪ | | ■○▲ | ■○▲ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| ০৫ | | ■○△ | ■◦△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| ০৬ | | ■○▲ | ■◦△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম : | | | | | | তারিখ: |
| অভিজ্ঞতা নং : | শ্রেণি : | | বিষয় : | ইসলাম শিক্ষা | | শিক্ষকের নাম ও স্বাক্ষর : |
| শিখন অভিজ্ঞতার শিরোনাম : | | | | | | |

| | | প্রযোজ্য PI নং | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | | | | | | | | |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |
| | | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ | ■○△ |

# পরিশিষ্ট ৪

## ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট

| | | | |
|---|---|---|---|
| **প্রতিষ্ঠানের নাম** | | | |
| **শিক্ষার্থীর নাম** | | | |
| **শিক্ষার্থীর আইডি:** ............................... | **শ্রেণি: ৭ম** | **বিষয়: ইসলাম শিক্ষা** | শিক্ষকের নাম : |

| | **পারদর্শিতার সুচকের মাত্রা** | | | |
|---|---|---|---|---|
| | **পারদর্শিতার সুচক** | **শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা** | | |
| | | **প্রারম্ভিক** | **অন্তর্বতীকালীন** | **অগ্রবর্তী** |
| ১ | ৯১.০৭.০১.০১ শরিয়তের উৎসসমূহ হতে প্রাপ্ত ইসলামের মৌলিক জ্ঞান সম্পর্কে সচেতনতা প্রদর্শন করছে। | ইসলামের মৌলিক জ্ঞানের উৎসসমূহ সম্পর্কে সচেতন। | কুরআন/হাদিসের আলোকে ইসলামের মৌলিক জ্ঞান/বিষয় সম্পর্কে সচেতন। | ইসলামের মৌলিক জ্ঞান/ বিশ্বাস সংক্রান্ত কোন প্রশ্নে কুরআন/হাদিসকেই উৎস হিসেবে ব্যবহার করেছে। |
| ২ | ৯১.০৭.০১.০২ ইসলামের মৌলিক বিশ্বাস সংক্রান্ত বিষয়ে কুরআন ও হাদিসের নির্দেশনা অনুসরণ করছে। | ইসলামের মৌলিক বিশ্বাস সংক্রান্ত যে কোন বিষয়ে কুরআন/ হাদিসের নির্দেশনা জানার চেষ্টা করছে। | ইসলামের মৌলিক বিশ্বাস সংক্রান্ত যে কোন বিষয়ে কুরআন/হাদিসের নির্দেশনা ব্যক্তিগতভাবে অনুসরণ করছে। | ইসলামের মৌলিক বিশ্বাস সংক্রান্ত যে কোন প্রশ্নে বিভ্রান্ত না হয়ে কুরআন/ হাদিসের নির্দেশনা অনুসরণ করছে। |
| ৩ | ৯১.০৭.০২.০১ ইসলামের মৌলিক উৎসসমূহ হতে প্রাপ্ত বিধি-বিধানের নির্দেশনা সম্পর্কে সচেতনতা প্রদর্শন করছে। | ধর্মীয় বিধি-বিধানের নির্দেশনা ইসলামের মৌলিক উৎসসমূহ হতে জানার/অনুসরন করার চেষ্টা করছে। | ধর্মীয় বিধি-বিধান অনুসরণে উৎসবিহীন/অসমর্থিত নির্দেশনা দ্বারা প্রভাবিত না হয়ে মৌলিক উৎসসমূহ থেকে জানার চেষ্টা করছে। | ইসলামের মৌলিক উৎসসমূহ হতে প্রাপ্ত ধর্মীয় বিধি-বিধানের নির্দেশনা সম্পর্কে সচেতন। |
| ৪ | ৯১.০৭.০২.০২ ইসলামের মৌলিক উৎসসমূহ হতে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী ইসলামি বিধি-বিধান অনুসরণ ও চর্চা করছে। | ধর্মীয় বিধি-বিধান চর্চায় মৌলিক উৎস হতে প্রাপ্ত নির্দেশনা অনুসরণের চেষ্টা করছে। | উৎসবিহীন/অসমর্থিত নির্দেশনা দ্বারা প্রভাবিত না হয়ে মৌলিক উৎসসমূহ অনুসরণ করছে। | ইসলামের মৌলিক উৎসসমূহ হতে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী ধর্মীয় বিধি-বিধান অনুসরণ/চর্চা করছে। |
| ৫ | ৯১.০৭.০৩.০১ নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শন করছে। | ধর্মীয় মূল্যবোধের আলোকে নৈতিক ও মানবিক গুণাবলি সম্পর্কে সচেতন। | নির্দেশনা অনুযায়ি প্রযোজ্য ক্ষেত্রে নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শনের চেষ্টা করছে। | দৈনন্দিন কাজে নৈতিক ও মানবিক গুণাবলি প্রদর্শণ করছে। |
| ৬ | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৯১.০৭.০৩.০২ নৈতিক ও মানবিক গুণাবলি ব্যক্তিগত জীবনে চর্চা করছে। | ব্যক্তিগত জীবনে নির্দিষ্ট কিছু নৈতিক ও মানবিক গুণাবলি চর্চার চেষ্টা করছে। | ব্যক্তিগত জীবনে নৈতিক ও মানবিক গুণাবলী অর্জনে উদ্যোগ আছে। | নিজ পরিসরে বিভিন্ন প্রেক্ষাপটে নিয়মিত নির্দিষ্ট কিছু নৈতিক ও মানবিক গুণাবলি চর্চা করছে। |
| ৭ | ৯১.০৭.০৩.০৩ নৈতিক ও মানবিক গুণাবলি সামাজিক জীবনে চর্চা করছে। | | | |
| | | সামাজিক জীবনে নির্দিষ্ট কিছু নৈতিক ও মানবিক গুণাবলি চর্চার চেষ্টা করছে। | সামাজিক জীবনে নৈতিক ও মানবিক গুণাবলি অর্জনে উদ্যোগ আছে। | সামাজিক জীবনে নিয়মিত নির্দিষ্ট কিছু নৈতিক ও মানবিক গুণাবলি চর্চা করছে। |
| ৮ | ৯১.০৭.০৩.০৪ মানুষের কল্যাণে নিজেকে সম্পৃক্ত রাখছে। | | | |
| | | মানুষের কল্যাণে সামর্থ্য অনুযায়ি যে কোন কাজে অংশগ্রহণে আগ্রহ প্রকাশ করছে। | নিজ পরিসরে দৈনন্দিন জীবনে মানুষের কল্যাণে সামর্থ্য অনুযায়ি কাজ/সহায়তা করছে। | মানুষের কল্যাণে সেবামুলক কাজে সামর্থ্য অনুযায়ি স্বেচ্ছাসেবীর দায়িত্ব পালন করছে। |
| ৯ | ৯১.০৭.০৩.০৫ প্রকৃতির কল্যাণে নিজেকে সম্পৃক্ত রাখছে। | | | |
| | | প্রকৃতির কল্যাণে সামর্থ্য অনুযায়ি যে কোন কাজে অংশগ্রহণে আগ্রহ প্রকাশ করছে। | নিজ পরিসরে দৈনন্দিন জীবনে প্রকৃতির কল্যাণে সামর্থ্য অনুযায়ি কাজ/সহায়তা করছে। | প্রকৃতির কল্যাণে সেবামুলক কাজে সামর্থ্য অনুযায়ি উদ্যোগ/স্বেচ্ছাসেবীর দায়িত্ব পালন করছে। |

# পরিশিষ্ট ৫

আচরণিক নির্দেশক (Behavioural Indicator, BI)

এখানে আচরণিক **নির্দেশকের** একটি তালিকা দেয়া হলো। বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলীয় কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে এই সূচকসমূহে প্রত্যেক শিক্ষার্থীর অর্জনের মাত্রা নির্ধারণ করতে হবে। পারদর্শিতার সূচকের পাশাপাশি এই আচরণিক সূচকে অর্জনের মাত্রাও প্রত্যেক শিক্ষার্থীর ষাণ্মাসিক ট্রান্সক্রিপ্টের অংশ হিসেবে যুক্ত থাকবে।

| আচরণিক নির্দেশক | শিক্ষার্থীর অর্জনের মাত্রা | | |
|---|---|---|---|
| | | | |
| ১. দলীয় কাজে সক্রিয় অংশগ্রহণ করছে | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে অংশ নিচ্ছে না, তবে নিজের মত করে কাজে অংশগ্রহণ করার চেষ্টা করছে | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে যথাযথভাবে অংশগ্রহণ না করলেও দলীয় নির্দেশনা অনুযায়ী নিজের দায়িত্বটুকু যথাযথভাবে পালন করছে | দলের সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনায় সক্রিয় অংশগ্রহণ করছে, সেই অনুযায়ী নিজের ভূমিকা যথাযথভাবে পালন করছে |
| ২. নিজের বক্তব্য ও মতামত দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের বক্তব্য শুনে গঠনমূলক আলোচনায় অংশ নিচ্ছে | দলের আলোচনায় একেবারেই মতামত দিচ্ছে না অথবা অন্যদের কোন সুযোগ না দিয়ে নিজের মত চাপিয়ে দিতে চাইছে | নিজের বক্তব্য বা মতামত কদাচিৎ প্রকাশ করলেও জোরালো যুক্তি দিতে পারছে না অথবা দলীয় আলোচনায় অন্যদের তুলনায় বেশি কথা বলছে | নিজের যৌক্তিক বক্তব্য ও মতামত স্পষ্টভাষায় দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের যুক্তিপূর্ণ মতামত মেনে নিয়ে গঠনমূলক আলোচনা করছে |
| ৩. নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে | নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কিছু কিছু কাজের ধাপ অনুসরণ করছে কিন্তু ধাপগুলোর ধারাবাহিকতা রক্ষা করতে পারছে না | পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ অনুসরণ করছে কিন্তু যে নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে কাজটি পরিচালিত হচ্ছে তার সাথে অনুসৃত ধাপগুলোর সম্পর্ক স্থাপন করতে পারছে না | নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে পূর্বনির্ধারিত প্রক্রিয়া মেনে কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে, প্রয়োজনে প্রক্রিয়া পরিমার্জন করছে |
| ৪. শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো কদাচিৎ সম্পন্ন করছে তবে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করেনি | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো আংশিকভাবে সম্পন্ন করছে এবং কিছু ক্ষেত্রে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো যথাযথভাবে সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে |
| ৫. পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে | সঠিক পরিকল্পনার অভাবে সকল ক্ষেত্রেই কাজ সম্পন্ন করতে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে | যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করার চেষ্টা করছে কিন্তু সঠিক পরিকল্পনার অভাবে কিছুক্ষেত্রে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে | পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে |
| ৬. দলীয় ও একক কাজের বিভিন্ন ধাপে সততার পরিচয় দিচ্ছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে মনগড়া বা অপ্রাসঙ্গিক তথ্য দিচ্ছে এবং ব্যর্থতা লুকিয়ে রাখতে চাইছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনা, কাজের প্রক্রিয়া ও ফলাফল বর্ণনা ইত্যাদি ক্ষেত্রে বিস্তারিত তথ্য দিচ্ছে তবে এই বর্ণনায় নিরপেক্ষতার অভাব রয়েছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি সকল ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতার পরিচয় দিচ্ছে |
| ৭. নিজের দায়িত্ব পালনের পাশাপাশি অন্যদের কাজে সহযোগিতা করছে এবং দলে সমন্বয় সাধন করছে | এককভাবে নিজের উপর অর্পিত দায়িত্বটুকু পালন করতে চেষ্টা করছে তবে দলের অন্যদের সাথে সমন্বয় করছে না | দলে নিজ দায়িত্ব পালনের পাশাপাশি দলের মধ্যে যারা ঘনিষ্ঠ শুধু তাদেরকে সহযোগিতা করার চেষ্টা করছে | নিজের দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের পাশাপাশি অন্যদের কাজে প্রয়োজনীয় সহযোগিতা করছে এবং দলীয় কাজে সমন্বয় সাধনের চেষ্টা করছে |
| ৮. অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা রেখে তাদের মতামতের গঠনমূলক সমালোচনা করছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে গুরুত্ব দিচ্ছে না এবং নিজের দৃষ্টিভঙ্গি চাপিয়ে দিচ্ছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে স্বীকার করছে এবং অন্যের যুক্তি ও মতামতকে গুরুত্ব দিচ্ছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা বজায় রেখে তাদের মতামতকে গুরুত্ব দিচ্ছে এবং গঠনমূলক আলোচনার মাধ্যমে নিজের দৃষ্টিভঙ্গি তুলে ধরছে |
| ৯. দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে গঠনমূলক ফিডব্যাক দিচ্ছে | প্রয়োজনে দলের অন্যদের কাজের ফিডব্যাক দিচ্ছে কিন্তু তা যৌক্তিক বা গঠনমূলক হচ্ছে না | দলের অন্যদের কাজের গঠনমূলক ফিডব্যাক দেয়ার চেষ্টা করছে কিন্তু তা সবসময় বাস্তবসম্মত হচ্ছে না | দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে যৌক্তিক, গঠনমূলক ও বাস্তবসম্মত ফিডব্যাক দিচ্ছে |
| ১০. ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে সিদ্ধান্ত নিচ্ছে | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ ও নান্দনিকতার অভাব রয়েছে | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে বৈচিত্র্য আনার চেষ্টা করছে কিন্তু পরিমিতিবোধ ও নান্দনিকতা বজায় রাখতে পারছে না | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে যৌক্তিক সিদ্ধান্ত নিচ্ছে |

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ